

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 18-12-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু গতকাল ত্রিপুরা এনসিসি ১৩নম্বর ব্যাটালিয়নের উদ্যোগে আগরতলার ভগৎ সিং যুব আবাস মাঠে আয়োজিত 'এক ভারত শ্রেষ্ঠ ভারত' শিবিরের উদ্বোধন করেন। ১২ দিন ব্যাপী এই শিবিরে দিল্লী, সিকিম ও ত্রিপুরা সহ উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলি থেকে ৫০০ জন এনসিসি ক্যাডেট অংশগ্রহণ করেন। রাজ্যপাল ছেলেমেয়েদের এনসিসিতে যোগদান করানোর জন্য অভিভাবদের প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

**Para games:**

রাজ্যভিত্তিক দুদিনের 'খেলো ত্রিপুরা প্যারা গেমস' আজ থেকে রাজধানীর স্বামী বিবেকানন্দ ময়দানে শুরু হচ্ছে। বিকেল তিনটায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা 'দিব্যাঙ্গ দিবস' উদযাপনের অঙ্গ হিসেবে আয়োজিত এই প্যারা গেমসের উদ্বোধন করবেন। এই গেমসে রাজ্যের আটটি জেলা থেকে প্রায় ৩৪৩ জন দিব্যাঙ জন খেলোয়াড় অংশ নেবেন। ১৪ টি ইভেন্টে এই প্যারা গেমস খেলার আয়োজন করার হয়েছে। এর মধ্যে রয়েছে দৃষ্টিহীন দিব্যাঙ্গ জনদের নিয়ে ক্রিকেট ম্যাচও।

\*\*\*\*\*

**PM, Rajasthan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল রাজস্থানের জয়পুরে ৪৬ হাজার ৩০০কোটি টাকার বিদ্যুৎ, রাস্তা, রেল এবং জল সংক্রান্ত ২৪টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি ১১হাজার কোটি টাকারও বেশি মূল্যের ৯টি প্রকল্পের উদ্বোধন

করেন। এর মধ্যে রয়েছে কেন্দ্রীয় সরকারের ৭টি প্রকল্প এবং রাজ্য সরকারের ২টি প্রকল্প। তিনি ৩৫,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের ১৫টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

\*\*\*\*\*

#### **One Nation One Election :**

এক দেশ এক নির্বাচন সংক্রান্ত বিল গতকাল লোকসভায় পেশ করা হয়েছে এবং এটি আলোচনার জন্য গৃহিত হয়। কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল সংসদে সংবিধানর ১৩০তম সংশোধনী বিল ২০২৪ এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন সংশোধনী বিল ২০২৪ পেশ করার জন্য প্রস্তাব উত্থাপন করায় বিরোধীরা ভোটের দাবি করেন। বিলটি উত্থাপনের পক্ষে ২৬৯জন সদস্য এবং বিপক্ষে ১৯৮ জন ভোট দেন। বিভিন্ন বিরোধী দল বিলগুলো অধিকতর যাচাই-বাছাইয়ের জন্য যৌথ সংসদীয় কমিটিতে পাঠানোর দাবি জানান। শ্রী মেঘওয়ালও বিল দুটিকে যৌথ সংসদীয় কমিটিতে পাঠানোর প্রস্তাব করেন।

\*\*\*\*\*

#### **Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ গতকাল ঊনকোটি জেলার কাঞ্চনবাড়িতে নবনির্মিত প্রাইমারি মার্কেটের পরিকাঠামোর উদ্বোধন করেন। কৃষিমন্ত্রী বলেন, রাজ্যে সর্বমোট ৫৫৪টি গ্রামীণ বাজার রয়েছে। এর মধ্যে ৮৬ টি'র পরিকাঠামোগত বিকাশ সাধন করা হচ্ছে। এতে ব্যয় হবে ১৬৭ কোটি ১১ লক্ষ টাকা। তিনি বলেন, রাজ্যের আয়ের সাতচল্লিশ শতাংশ আসে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্র থেকে।

\*\*\*\*\*

#### **Smart phone, India :**

ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম স্মার্টফোন রপ্তানিকারক দেশ হয়ে উঠেছে। ২০১৯ সালে ভারত এই ক্ষেত্রে ২৩তম স্থানে ছিল। দেশের স্মার্টফোন রপ্তানিও এবছর নভেম্বরে এক মাসে ২০ হাজার

কোটি টাকা ছাড়িয়ে গেছে। কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এই কৃতিত্বের প্রশংসা করেছেন এবং এটিকে 'মেকিং ভারত স্টোরি' বলে অভিহিত করেছেন।

\*\*\*\*\*

#### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' -এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' -এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন।

\*\*\*\*\*

#### **Cooch Behar Trophy :**

ত্রিপুরা ও পুদুচেরীর মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের প্ল্যাট গ্রুপের ফাইন্যাল খেলাটি ড্র হয়েছে। এম্যাচে প্রথম ইনিংসে এগিয়ে থাকায় পুদুচেরী চ্যাম্পিয়ন হয়। রানার্স হয় রাজ্যদল। গতকাল চতুর্থ তথা শেষ দিনে ২ উইকেটে ২০৮ রান থেকে খেলতে নেমে পুদুচেরী দ্বিতীয় ইনিংসে ৯ উইকেট হারিয়ে ৩৪৭ রান করে। এর আগে স্বাগতিক পুদুচেরীর প্রথম ইনিংসের ৩৬৪ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংস ১৮৭ রানে করেছিল।

\*\*\*\*\*

#### **Under-23 Cricket :**

অনূর্ধ্ব ২৩ বছরের জাতীয় ক্রিকেটের সীমিত ওভারের আসরে গতকাল দ্বিতীয় খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। বরোদায় অনুষ্ঠিত খেলায় বিদর্ভ ৪৮ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের বিভিন্ন এলাকায় সকালে হালকা থেকে মাঝারি পর্যায়ের কুয়াশা লক্ষ্য করা গেছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি । ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*